গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১
শেরে বাংলা নগর, ঢাকা

নং-২১.০০.০০০০.২৬৩.১৪.০৩৮.১৭ (অংশ-১)-২৭ তারিখ: ৩০-০৮-২০১৮ খ্রি:

বিষয়ঃ চট্টগ্রাম এ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় ৩টি বেইজমেন্ট ফ্লোরসহ ১৯ তলা মেঘনা ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে ।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র আওতাধীন মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম-এ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় ৩টি বেইজমেন্ট ফ্লোরসহ ১৯ তলা মেঘনা ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের কাজ গত ০২/০৮/২০১৮ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব পুলক কান্তি বড়ুয়া কর্তৃক পরিদর্শন করা হয়। এমতাবস্থায় প্রণীত প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**উক্ত পরিদর্শনের প্রেক্ষিতে প্রণীত প্রতিবেদনের প্রধান প্রধান সুপারিশসমূহ নিম্নরূপ:**

০১। চট্টগ্রামের আগ্রাবাদ এলাকায় ৩টি বেসমেন্ট ফ্লোরসহ ১৯তলা বিশিষ্ট মেঘনা পেট্রোলিয়াম ভবন নির্মাণ প্রকল্পের নির্ধারিত মেয়াদ কাল জুলাই ২০১৬ খ্রি: থেকে জুন/২০২০ খ্রি: পর্যন্ত। এখন বর্ষা মৌসুম শেষ পর্যায়ে। নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প সম্পন্ন করার জন্য কাজের গতি আরো বাড়াতে হবে এবং ঠিকাদার প্রতিষ্ঠানকে লোকবল বাড়ানোসহ পূর্ণ সক্ষমতা নিয়ে কাজ করার জন্য দ্রুত তাগিদ দিতে হবে।

০২। বৃষ্টির কারণে শ্রমিকদের কাজ করা বেশ ঝুকিপূর্ণ বলে মনে হয়েছে। এ ব্যাপারে নির্বিঘ্নে কাজ করার পরিবেশ নিশ্চিত করার জন্য নির্মাণ সামগ্রী বহনের কাঠামো দৃঢ়করণসহ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিতে হবে।

০৩। নির্মাণ সামগ্রীর গুণগতমান যাতে সঠিকভাবে বজায় থাকে সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

০৪। কাজের শ্লথ গতির কারণে প্রকল্প ব্যয় যাতে বৃদ্ধি না পায় সেদিকে সতর্ক থাকতে হবে।

০৫। প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।

০৬। প্রকল্পের নির্মাণ কাজের গতি ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে নিয়মিত মনিটরিং করতে হবে।

০৭। উপরোক্ত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণপূর্বক এ সম্পর্কে আগামী ৩০ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কে অবহিত করতে হবে।

সংযুক্তিঃ ০৬ পৃষ্ঠা।

Ahmed ৩০/০৮/১৮
(ইশতিয়াক আহমেদ)
উপ-পরিচালক
ফোন: ৯১৮০৯৬৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, বিপিসি, লিয়াজোঁ অফিস, যমুনা ভবন, কাওরান বাজার, ঢাকা।
৩। পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪। প্রকল্প পরিচালক, "চট্টগ্রাম এ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় ৩টি বেইজমেন্ট ফ্লোরসহ ১৯ তলা মেঘনা ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্প, বিপিসি, লিয়াজোঁ অফিস, যমুনা ভবন, কাওরান বাজার, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। অফিস কপি।

| | |
|---|---|
| সমন্বয় - ১ | |
| সমন্বয় - ২ | |
| সমন্বয় - ৩ | |
| সমন্বয় - ৪ | |
| কাউন্সিল অফিসার | |
| সিকল্প কাউন্সিল অফিসার | |
| সিনিয়র প্রোগ্রামার | |
| প্রোগ্রামার (সংযুক্ত) | |
| পি.ও | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

## প্রকল্প পরিবীক্ষণ ছক

পরিদর্শনের তারিখ : ০২-০৮-২০১৮ ইং

পরিদর্শন কর্মকর্তার নাম : পুলক কান্তি বড়ুয়া পদবী : পরিচালক

সেক্টর : পরিবীক্ষণ ও মূল্যায়ন - ০১

### ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নামঃ চট্টগ্রাম এ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় ৩টি বেইজমেন্ট ফ্লোর সহ ১৯তলা মেঘনা ভবন নির্মাণ।

২. প্রকল্পের ধরনঃ (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা : স্ব-অর্থায়ন

৩.

৩.১ অর্থায়নের উৎস (জিওবি / প্রকল্প সাহায্য / জেডিসিএফ / স্ব-অর্থায়ন / অন্যান্য : স্ব-অর্থায়ন।

৩.২ উন্নয়ন সহযোগী : প্রযোজ্য নয়।

৪.

৪.১ উদ্যোগী মন্ত্রণালয় / বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় / জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।

৪.২ বাস্তবায়নকারী সংস্থা : মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র আওতাধীন একটি প্রতিষ্ঠান।

৫. (ক) প্রকল্প বয়স, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত :

(লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৫৩৭২.৭৮ | - | - | - | জুলাই, ২০১৬ জুন, ২০২০ | ০৮-০৯-২০১৬ | - | - |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | ৬১৭৬.৯৪ | - | - | - | জুলাই, ২০১৬ জুন, ২০২০ | ২১-০৯-২০১৭ | (+) ১৪.৯৭% | (+) ৩৩% |
| সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম, ২য় প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%) :

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%) :

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে) :

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | প্লট নং ৭২, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং থানা | চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা | - |

৭. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত) :

- মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর প্রধান কার্যালয় হিসাবে ব্যবহারের জন্য ৯৮৫৯.৩৬ বর্গ মিটার ফ্লোর স্পেস সম্পন্ন ৩ টি বেইজমেন্ট ফ্লোর সহ ১৯ তলা অফিস ভবন নির্মাণ করা হবে, ফলে দপ্তর ব্যবস্থাপনা অধিকতর স্বাচ্ছন্দ ও দক্ষতার সাথে পরিচালনা করা যাবে।
- প্রয়োজনের অতিরিক্ত স্পেস ভাড়া দিয়ে কোম্পানীর আয় বৃদ্ধি করা।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যঃ

৮. অংগভিত্তিক অগ্রগতি : কপি সংযুক্ত

(লক্ষ টাকা)

| ক্রমিক নং | অংগের নাম | একক | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থ বছরের সর্বশেষ মাস পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | | ০৫ | | ০৬ | | ০৭ | |
| | | | বাস্তব (পরিমাপ/সংখ্যা | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| | | | | | | | | | | |

৯. অর্থ বছর ভিত্তিক ডিপিপি / টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা :

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ১৬০৪.৩৮ | - | - | ২.২৩ |

১০. (ক) ডিপিপি / টিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা : ১ টি

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য :

| প্যাকেজ (১,২,৩.....) | দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| ১ | ২৫-০১-২০১৭<br>৬১,১১,০০,০০০/= | ২৩-১০-২০১৭<br>৫৭,৫১,৪২,২৮৩.৩৫ | ০৪-০৫-২০২০ | - | অতিরিক্ত বৃষ্টিপাতের দরুন কাংখিত মাত্রায় কাজ করা যাচ্ছে না। |

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত) :

| প্রকল্প পরিচালকের আইডি নং | মূল দপ্তর ও পদবী | দায়িত্ব কাল | দায়িত্বের ধরণ (নিয়মিত / অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ / না | প্রকল্প |
| মোঃ মাহবুবুন নূর | ইঞ্জিনিয়ারিং বিভাগ, উপ-মহাব্যবস্থাপক (ইঞ্জিঃ) | প্রকল্প পরিচালক হিসাবে গত ০৯-০১-২০১৭ ইং তারিখ হতে দায়িত্বরত। | নিয়মিত | না | - |

১২. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ / পানি / গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে) :

১৩. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্যঃ

১৪. স্টিয়ারিং / পিআইসি সভা সংক্রান্ত : স্টিয়ারিং কমিটি ২য় সভা গত ০৩-০১-২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত হয়।

১৫. Project Management Information System (PMIS) / অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য পূরণের তারিখ (পিএমআইএস চালু হলে) :

## খ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৬. (ক) পরিদর্শনকৃত এলাকা : প্লট নং ৭২, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ : পুলক কান্তি বড়ুয়া, পরিচালক, আই.এম.ই.ডি, ১৪-১২-২০১৭ ইং

১৭. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ :

ক. অংগভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি / টিএপিপি'র সংস্থান প্রতিপালন : প্রতিপালিত হচ্ছে।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন / বিধি অনুসরণ : প্রচলিত আইন / বিধি অনুসরণ করা হচ্ছে (পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও বিধিমালা ২০০৮ অনুসরণ করা হচ্ছে)।

গ. গুণগত মান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত) :

- সম্পাদিত কাজ : মোট কাজের প্রায় ৮% সম্পন্ন হয়েছে।
- ব্যবহৃত পণ্য / উপকরণ : ইট, পাথর, রড, সিমেন্ট, বালি, এমএস জয়েস্ট (আই বীম) ইত্যাদি

ঘ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে) : সাইট বই সংরক্ষণ করা হয়েছে।

ঙ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুকি / বাস্তবায়ন সমস্যা (যদি থাকে) : অতিরিক্ত বৃষ্টিপাতের দরুন বাস্তবায়ন প্রক্রিয়া কিছুটা বিলম্বিত হচ্ছে।

চ. সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে) : প্রযোজ্য নয়।


ছ. অন্যান্য বিষয় (যদি থাকে)

১৮. সার্বিক পর্যবেক্ষণ :


গত ০২/০৮/২০১৮ইং তারিখে আইএমইডি'র পরিচালক জনাব পুলক কান্তি বড়ুয়া কর্তৃক প্রকল্প স্থান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে জানা যায় প্রকল্পের মোট ১৩৪টি শোর পাইল, ১৩৪ টি সেকেন্ডারী পাইল ও ১২ টি ডেড পাইল নির্মাণের কাজ শেষ হয়েছে। শোর পাইলের টপ ভেঙ্গে চতুর্পাশে পাইলের উপর টাই বীম তৈরীর কাজ শেষ হয়েছে। টাই বীমের টপ থেকে ৯'-০" ও ২২'-৬" নীচে স্টীল ব্রেসিং এর কাজ শেষ হয়েছে। ৪'-৬" গভীরতা পর্যন্ত মাটি কেটে ৫০% ফাউন্ডেশান এরিয়ায় সলিং / সিসি করা হয়েছে। এই অংশে মেট ফাউন্ডেশানের জন্য রড বাইন্ডিং এর কাজ শুরু করা হবে।বৃষ্টির পানি থেকে রক্ষা পাওয়ার জন্য নির্মাণ এলাকার উপর অস্থায়ী শেড তৈরী করা হয়েছে। মেট ফাউন্ডেশনের জন্য সাইটে রড মজুদ করা হয়েছে, মেট ফাউন্ডেশন ৪'-৬" গভীর হবে। সাইটে নির্মাণ সামগ্রী মজুদের জন্য শেড তৈরী করা হয়েছে। দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য নির্মাণ স্থানের ১০০ মিটারের মধ্যে বাণিজ্যিক এলাকায় সাইট অফিস ভাড়া নেয়া হয়েছে। অগ্নি নির্বাপনের জন্য সাইটে ফায়ার এক্সটিংগুইশার স্থাপন করা হয়েছে। তবে সার্বিকভাবে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি কাঙ্খিত পর্যায়ের নয়। কাজের শ্লথ গতির কারণ হিসেবে প্রকল্প পরিচালক জানান, দীর্ঘদিন থেকে বৃষ্টির কারণে কাজের বিঘ্ন ঘটছে। তাছাড়া প্রকল্প এলাকায় জায়গার স্বল্পতা হেতু মাটি কেটে তুলে রাখার জায়গা নেই। ভবন নির্মাণের জন্য প্রায় ২ লক্ষ ৩৫ হাজার কিউবিক ফিট মাটি কাটা হবে। অধিকাংশ মাটি কেটে অপসারণ কাজ শেষ হয়েছে। আর মাত্র ২০-২৫ হাজার কিউবিক ফিট মাটি রয়েছে বলে প্রকল্প পরিচালক জানান। পরিদর্শনকালে জানা যায়, শুধুমাত্র রাতের বেলায় ট্রাকের মাধ্যমে মাটি দূরবর্তী স্থানে পরিবহণ করে নেয়া হয়। এই ভবন নির্মাণের ঠিকাদারী প্রতিষ্ঠান এএনজে প্রোপার্টিজ লি: এর প্রতিনিধিগণও পরিদর্শন কালে প্রকল্প এলাকায় উপস্থিত ছিলেন।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির / ভিডিও চিত্র ও বর্ণনা :


চিত্র-১: মেঘনা ভবন নির্মাণ কাজ পরিদর্শন




চিত্র-২: বৃষ্টি থেকে রক্ষা পাওয়ার জন্য নির্মাণ স্থানে উপরে নির্মিত আচ্ছাদন




চিত্র-৩: পাইলিং এর কাজ




## ২০. সুপারিশ / মতামত :

২০.১। চট্টগ্রামের আগ্রাবাদ এলাকায় ৩টি বেসমেন্ট ফ্লোরসহ ১৯তলা বিশিষ্ট মেঘনা পেট্রোলিয়াম ভবন নির্মাণ প্রকল্পের নির্ধারিত মেয়াদ কাল জুলাই ২০১৬ খ্রি: থেকে জুন/২০২০ খ্রি: পর্যন্ত। এখন বর্ষা মৌসুম শেষ পর্যায়ে। নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প সম্পন্ন করার জন্য কাজের গতি আরো বাড়াতে হবে এবং ঠিকাদার প্রতিষ্ঠানকে লোকবল বাড়ানোসহ পূর্ণ সক্ষমতা নিয়ে কাজ করার জন্য দ্রুত তাগিদ দিতে হবে।

২০.২। বৃষ্টির কারণে শ্রমিকদের কাজ করা বেশ ঝুকিপূর্ণ বলে মনে হয়েছে। এ ব্যাপারে নির্বিঘ্নে কাজ করার পরিবেশ নিশ্চিত করার জন্য নির্মাণ সামগ্রী বহনের কাঠামো দৃঢ়করণসহ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিতে হবে।

২০.৩। নির্মাণ সামগ্রীর গুণগতমান যাতে সঠিকভাবে বজায় থাকে সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

২০.৪। কাজের শ্লথ গতির কারণে প্রকল্প ব্যয় যাতে বৃদ্ধি না পায় সেদিকে সতর্ক থাকতে হবে।

২০.৫। প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।

২০.৬। প্রকল্পের নির্মাণ কাজের গতি ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে নিয়মিত মনিটরিং করতে হবে।

২০.৭। উপরোক্ত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণপূর্বক এ সম্পর্কে আগামী ৩০ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কে অবহিত করতে হবে।

পরিদর্শনকারী কর্মকর্তা

স্বাক্ষর.......................

নাম: পুলক কান্তি বড়ুয়া

পদবী: পরিচালক (উপসচিব)

তারিখ.....................................

**Monthly Implementation Progress Review meeting of ADP included projects of the year 2016-2017**

**IMED: 05/2003 (Revised)**
**Monthly Progress Report**

Reporting period July, 2018

| | |
|---|---|
| Name of the Ministry/ Division | Ministry of Power, Energy & Mineral Resources/ Energy & Mineral Resources Division |
| Name of the Organization | Bangladesh Petroleum Corporation (BPC)/ Meghna Petroleum Ltd. (MPL) |
| 1. Name of the project | **Construction of 19 Storied Meghna Bhaban with 3 Basement Floors at Agrabad C/A, Chittagong.** |
| 2. Objective of the project | a) The main objective of the project is to construct a 19-storied Office Building with 3 Basement floors having total 9,850.36 sq m floor space for Meghna Petroleum Limited (MPL) to accommodate Head Office to facilitate and organize the office management more smoothly & efficiently.<br>b) To earn by letting out premises to the intending parties. |
| 3. Implementation period | a) Original : July, 2016 to June, 2019    b) Revised : July, 2016 - June, 2020 |
| 4. Location of the project | 72, Agrabad C/A, Chittagong |
| 5. Sources of Funding (with amount) | a) Total; 5372.78 lakh, GOB: 0.00 lakh, Co's own fund: 5372.78 lakh. b) Revised : 6176.94 Lakh |
| 6. Estimated Cost | a) Original : 5372.78 Lakh    b) Revised : 6176.94 Lakh |

(In Lakh Taka)

| | | Total | Taka | Project Aid (RPA) | Physical (% of Total Project) |
|---|---|---|---|---|---|
| a) | i. Original | 5372.78 | 5372.78 | 0.00 | 100% |
| | ii. Revised | 6176.94 | 6176.94 | 0.00 | 100% |
| b) | Cumulative progress upto last July | 101.37 | 101.37 | 0.00 | 1.64% |
| c) | Current year allocation and physical target | 1604.38 | 1604.38 | 0.00 | 25.97% |
| d) | Progress of current month | 2.23 | 2.23 | 0.00 | 0.03% |
| e) | Progress upto the current month of the year | 97.94 | 97.94 | 0.00 | 1.58% |
| f) | Fund release upto the current month | - | - | - | - |

7. Quarterly Financial and Physical

(In Lakh Taka)

| | 1st Quarter | | 2nd Quarter | | 3rd Quarter | | 4th Quarter | | Total | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Financial | Physical | Financial | Physical | Financial | Physical | Financial | Physical | Financial | Physical |
| a) Target | 400.00 | 24.93% | 450.00 | 28.04% | 450.00 | 28.04% | 304.38 | 18.97% | 1604.38 | 25.97% |
| b) Achievement (Physical progress as the % of total project) | 2.23 | 0.14% | 0.00 | 0.00% | 0.00 | 0.00% | 0.00 | 0.00% | 2.23 | 0.14% |

(In Lakh Taka)

| Code No. | Work components as per Proposed RDPP (with quantity) | Estimated Cost | | | Achievement upto last June, 2018 | | Target of the current year | | Progress upto the month of July, 2018 | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | GOB | Co's own fund | Total | Financial | Physical (% of the component) | Financial | Physical (% of the component) | Financial | Physical (% of the component) |
| 4800 | **Supplies & Services** | | | | | | | | | |
| 4833 | Advertisement and Publicity | 0.00 | 8.00 | 8.00 | 2.26 | 28.25% | 0.00 | 0.00% | 2.26 | 28.25% |
| 4874 | Consultancy | 0.00 | 407.50 | 407.50 | 93.15 | 22.85% | 101.88 | 25.00% | 95.38 | 23.40% |
| 4883 | Honourarium | 0.00 | 10.00 | 10.00 | 3.73 | 37.30% | 2.50 | 25.00% | 3.73 | 37.30% |
| 6800 | **Acquisition of Assets** | | | | | | | | | |
| 6812 | Camera & Accessories (CCTV camera) | 0.00 | 16.15 | 16.15 | | | 0.00 | 0.00% | | |
| 6813 | Machineries & other Equipments | | | | | | | | | |
| | i) Supply & Installation of Passenger Lift | 0.00 | 348.59 | 348.59 | | | 0.00 | 0.00% | | |
| | ii) Supply & Installation of AC | 0.00 | 246.16 | 246.16 | | | 0.00 | 0.00% | | |
| 6827 | Electric Equipment | 0.00 | 431.18 | 431.18 | | | 0.00 | 0.00% | | |
| | (Substation, Generator etc.) | | | | | | | | | |
| 6850 | Tube Well & Equipment | 0.00 | 7.83 | 7.83 | | | 0.00 | 0.00% | | |
| 6853 | Fire Fighting System | 0.00 | 69.93 | 69.93 | | | 0.00 | 0.00% | | |
| 7000 | **Construction works** | | | | | | | | | |
| 7006 | Office Building | | | | | | | | | |
| | (Foundation, Super structure, Additional super structure & Interior decoration) | 0.00 | 4243.07 | 4243.07 | | | 1500.00 | 35.35% | | |
| 7016 | Other Building & Infrastructure | 0.00 | 24.35 | 24.35 | | | 0.00 | 0.00% | | |
| 7041 | Sewerage Disposal System | 0.00 | 3.07 | 3.07 | | | 0.00 | 0.00% | | |
| 7046 | Sanitary and Water Supply | 0.00 | 77.85 | 77.85 | | | 0.00 | 0.00% | | |
| 7051 | Telephone & Intercom System | 0.00 | 71.98 | 71.98 | | | 0.00 | 0.00% | | |
| 7056 | Electrical Installation (Internal Electrification) | 0.00 | 188.31 | 188.31 | | | 0.00 | 0.00% | | |
| 7081 | Others (Internal Gas connection) | 0.00 | 22.97 | 22.97 | | | 0.00 | 0.00% | | |
| 7981 | **Price Contigency** | - | - | - | | | - | - | | |
| 7981 | **Physical Contigency** | - | - | - | | | - | - | | |
| | Total = | 0.00 | 6176.94 | 6176.94 | 99.14 | 1.60% | 1604.38 | 25.97% | 101.37 | 1.64% |

| | |
|---|---|
| 9. Reasons for delay of project implementation | N/A |
| 10. Existing problems of implementation of the project | N/A |

MD. MAHBUBUN NUR
Project Director
Meghna Petroleum Limited